LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার, ১৩ই মে, ২০১৮ ইং

আরো এক বছর সময় পেল বিডি থাই

প্রকৌশল খাতের তালিকাভুক্ত কোম্পানি বিডি থাই অ্যালুমিনিয়াম লিমিটেডের রাইট শেয়ারের অর্থ ব্যবহারের সময়সীমা এক বছর বাড়িয়েছে নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। ২০১৭ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে রাইট শেয়ারের অর্থ খরচ করার কথা ছিল কোম্পানিটির। সর্বশেষ সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনক্রমে কোম্পানি কর্তৃপক্ষ কমিশনে এক বছর সময় বাড়ানোর আবেদন করে, সম্প্রতি যা গৃহীত হয়েছে। এ হিসাবে রাইট তহবিল সদ্ব্যবহারে চলতি বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত সময় পাচ্ছে বিডি থাই। প্রসঙ্গত, উৎপাদন সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি ব্যয়বহুল ঋণের অংশবিশেষ পরিশোধের জন্য অভিহিত মূল্যে প্রতি শেয়ারের বিপরীতে একটি করে রাইট শেয়ার ইস্যু করে মোট ৫২ কোটি ৩৩ লাখ ৫০ হাজার টাকা সংগ্রহ করেছিল বিডি থাই।http://bonikbarta.net

১২০ কোটি টাকার রিডিমেবল কিউমুলেটিভ প্রেফারেন্স শেয়ার ছাড়বে কুশিয়ারা পাওয়ার কোম্পানি

১২০ কোটি টাকার রিডিমেবল কিউমুলেটিভ প্রেফারেন্স শেয়ার ইস্যু করবে ম্যাক্স গ্রুপের প্রতিষ্ঠান কুশিয়ারা পাওয়ার কোম্পানি লিমিটেড। কুশিয়ারায় কোম্পানির ১৬৩ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্টের মূলধন হিসেবে এ অর্থ ব্যবহৃত হবে। প্রেফারেন্স শেয়ারের ইস্যু ব্যবস্থাপনার জন্য তাদের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে শীর্ষস্থানীয় মার্চেন্ট ব্যাংক লংকাবাংলা ইনভেস্টমেন্টস লিমিটেড। সম্প্রতি রাজধানীর মহাখালীতে ম্যাক্স গ্রুপের প্রধান কার্যালয়ে হয়ে যাওয়া চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে গ্রুপটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রকৌশলী গোলাম মোহাম্মদ আলমগীর, চিফ প্ল্যানিং অফিসার মোহাম্মদ শরীফুল ইসলাম, জিএম ফিন্যান্স ওবায়দুর রহমান, চিফ অ্যাকাউন্টস অফিসার শহীদুল ইসলাম খান, কুশিয়ারা পাওয়ারের উপদেষ্টা মাহমুদ-উস-সামাদ চৌধুরী ও ম্যাক্স গ্রুপের বিভিন্ন বিভাগের জ্যেষ্ঠ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।http://bonikbarta.net

চট্টগ্রাম বন্দর দিয়ে আমদানি রফতানিতে ১৮ বাধা

দেশের মোট আমদানি-রফতানির ৯২ শতাংশই হয় চট্টগ্রাম বন্দর দিয়ে। বন্দরে পণ্যের পরীক্ষণ, শুল্কায়ন ও রাজস্ব আহরণের কাজটি করে চট্টগ্রাম কাস্টমস কর্তৃপক্ষ। বঙ্গোপসাগরের বহির্নোঙরে জাহাজ প্রবেশ থেকে শুরু করে বন্দরে পণ্য খালাস পর্যন্ত বেশ কয়েকটি ধাপ পেরোতে হয়। এসব ধাপে অবৈধ আর্থিক লেনদেন ও সময়ক্ষেপণের কারণে অভ্যন্তরীণ বাজারে পণ্যের মূল্য বেড়ে যায়। এতে ক্ষতিগ্রস্ত হয় ভোক্তাশ্রেণী। আমদানি-রফতানি কার্যক্রমে এমন ১৮টি ক্ষেত্রে বন্দর ব্যবহারকারী ব্যবসায়ীদের ব্যাপক হয়রানির শিকার হতে হচ্ছে। দুর্নীতি দমন কমিশনের সাম্প্রতিক একটি জরিপে এমন তথ্য উঠে এসেছে। জরিপ ফলাফলে এ ১৮টি ক্ষেত্রকে আমদানি-রফতানি কার্যক্রমের বাধা হিসেবে চিহ্নিত করা হয়েছে। চট্টগ্রাম বন্দর ও চট্টগ্রাম কাস্টম হাউজে দুর্নীতিমুক্ত ও মানসম্মত সেবা প্রদান নিশ্চিত করতে এ জরিপ চালায় দুদক। বন্দর ব্যবহারকারী আমদানি-রফতানিকারক, সিঅ্যান্ডএফ এজেন্ট ও ফ্রেইট ফরোয়ার্ডারসদের ওপর মোট ছয় ধরনের প্রশ্নের ভিত্তিতে জরিপটি সম্পন্ন করা হয়। এতে ব্যবসায়ীদের হয়রানির ক্ষেত্রগুলো চিহ্নিত করার পাশাপাশি সমস্যা সমাধানে ব্যবসায়ীদের পক্ষ থেকে ১০টি সুপারিশও তুলে ধরা হয়েছে।http://bonikbarta.net

বাংলাদেশে যাত্রা করল কালার কসমেটিক ব্র্যান্ড ইংলোট

বাংলাদেশে যাত্রা করল বিশ্বখ্যাত কালার কসমেটিক ব্র্যান্ড ইংলোট। সোনিক গ্রুপের হাত ধরে দেশের বাজারে প্রবেশ করল নতুন এ বিউটি প্রসাধনী ব্র্যান্ডটি। গতকাল দুপুরে রাজধানীর যমুনা ফিউচার পার্কের গ্রাউন্ড ফ্লোরে এক অনুষ্ঠানের মাধ্যমে ইংলোটের পণ্য ও আউটলেট উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইংলোটের চেয়ারম্যান জার্গেনইভ ইংলোট। এছাড়া আরো উপস্থিত ছিলেন নয়াদিল্লিতে নিযুক্ত পোলান্ডের দূতাবাসের ফার্স্ট কাউন্সিলর (রাজনীতি) ডেপুটি হেড অব মিশন রবার্ট জিজিক, ইংলোট অ্যাপ্যাক অ্যান্ড মিডল ইস্টের এমডি এন সুব্রামনি রায় এবং ইংলোট বাংলাদেশের এমডি ও সোনিক গ্রুপের ডিএমডি নাবিল সুলতান।http://bonikbarta.net

ইউরোপীয় ব্যবসা ঝুঁকিতে থাকলেও আশা দেখছে রাশিয়া

ইরানের সঙ্গে সম্পাদিত পরমাণবিক চুক্তি থেকে সরে গেছে যুক্তরাষ্ট্র। দেশটির ওপর পুনরায় অবরোধ জারির প্রক্রিয়াও শুরু করেছে ট্রাম্প প্রশাসন। তবে এ অবরোধে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হবে ইউরোপের ব্যবসা প্রতিষ্ঠানগুলো। অন্যদিকে রাশিয়া মার্কিন পদক্ষেপের নিন্দা জানালেও ইউরোপের তুলনায় কম ক্ষতিগ্রস্ত হবে মস্কো। এমনকি রুশ কোম্পানিগুলো মার্কিন নিষেধাজ্ঞা থেকে লাভবানও হতে পারে। খবর এএফপি, বিবিসি। ইরানের পরমাণবিক কর্মসূচি সংকুচিত করার শর্তে পশ্চিমা পরাশক্তিগুলো দেশটির ওপর থেকে অবরোধ ২০১৫ সালে তুলে নিলেও গত সপ্তাহে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চুক্তি থেকে সরে এসে আবারো অবরোধ জারির ঘোষণা দেন। অবরোধ প্রত্যাহারের পর ২০১৬ সাল থেকে ইউরোপের বড় বড় প্রতিষ্ঠানগুলো ইরানের সঙ্গে কোটি কোটি ডলারের ব্যবসায় জড়িয়েছে। এখন ট্রাম্পের এ ঘোষণায় সেসব ব্যবসা ও হাজার হাজার চাকরি ঝুঁকির মুখে পড়েছে। http://bonikbarta.net

ওষুধের দাম কমাতে উদ্যোগী যুক্তরাষ্ট্র সরকার

বিশ্বের যে কয়েকটি দেশে ওষুধের দাম সবচেয়ে বেশি, যুক্তরাষ্ট্র তার মধ্যে অন্যতম। এ অবস্থায় দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রয়োজনীয় ওষুধের দাম কমাতে একটি পরিকল্পনা প্রকাশ করেছেন। তবে এ ধরনের পদক্ষেপ গ্রহণের মাধ্যমে প্রেসিডেন্ট তার নির্বাচনী প্রচারণায় দেয়া প্রতিশ্রুতি থেকে দূরে সরে যাচ্ছেন বলে অভিযোগ করেছেন বিরোধীদলীয় ডেমোক্র্যাটরা। খবর এএফপি। শুক্রবার হোয়াইট হাউসে স্বাস্থ্যমন্ত্রী অ্যালেক্স অ্যাজারের সঙ্গে পরিকল্পনার রূপরেখা নিয়ে আলোচনা করেন প্রেসিডেন্ট ট্রাম্প। সেখানে ট্রাম্প বলেন, পরিকল্পনা অনুযায়ী 'খুব সহজে এবং কম খরচে ওষুধগুলো যাতে বাজারে আসতে পারে, সেজন্য প্রতিযোগিতা বৃদ্ধি এবং নীতিমালা শিথিলের' ওপর গুরুত্ব দেয়া হবে। তিনি আরো জানান, 'ইদানীং খুব খুব ধনী হয়ে ওঠা মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য বন্ধেও সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে।' http://bonikbarta.net

বেচাকেনার মন্দাভাবেও দাম বেড়েছে সুতার

আগাম ঝড়-বৃষ্টির কারণে নারায়ণগঞ্জের টানবাজারে সুতার মোকামগুলোয় ক্রেতা আগের তুলনায় কমেছে। ক্রেতা সংকটে বেচাকেনায় মন্দাভাব দেখা দিয়েছে বলে জানিয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা। এর পরও দাম কমেনি সুতার। স্থানীয় মোকামগুলোয় ১০ ও ২০ কাউন্টের পাশাপাশি ৩০ কাউন্টের উপরের বেশির ভাগ সুতা বাড়তি দামে বিক্রি হচ্ছে। বাংলা নববর্ষের আগে তাঁতপল্লীগুলোয় বাড়তি চাহিদার জের ধরে টানবাজারে সুতার দামে তেজিভাব দেখা দিয়েছিল। সেই দামেই এখনো বিক্রি হচ্ছে বেশির ভাগ সুতা।http://bonikbarta.net